গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
birol@uhfpo.dghs.gov.bd

স্মারকনং-উঃস্বাঃকমঃ/বিরল/দিনাজ/২৫/১৫৭

তারিখঃ-১৬/০২/২০২৫ ইং।

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিরল উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি সভা আগামী ১৬/০২/২০২৫ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ কনফারেন্স রুমে অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

**আলোচ্য সূচিঃ**

১। পূর্বের সভার কার্যবিবরণী সম্পর্কে পর্যালোচনা।
২। সংশ্লিষ্ট বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও বিবিধ।

১৬/২/২৫

(পার্থ প্রতিময় সরকার)
সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি
ও
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
বিরল, দিনাজপুর।

স্মারকনং-উঃস্বাঃকমঃ/বিরল/দিনাজ/২৫/

তারিখঃ- /০২/২০২৫ ইং।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দীনাজপুর।
২। উপজেলা..............................................কর্মকর্তা, বিরল, দিনাজপুর।
৩। চেয়ারম্যান......................................................................ইউনিয়ন, বিরল, দিনাজপুর।
৪। অফিস কপি।

১৬/২/২৫

সদস্য সচিব
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি
বিরল, দিনাজপুর।

# উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

তারিখঃ-১৬/০২/২০২৫ খ্রিঃ

সময়ঃ সকাল-১১.০০ ঘটিকা।

স্থানঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, বিরল, দিনাজপুর।

| ক্রমিক নং | পদবী | কমিটি পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর। | সভাপতি | |
| ২ | চেয়ারম্যান, ১নং আজিমপুর ইউনিয়র পরিষদ, বিরল, দিনাজপুর। | সদস্য | |
| ৩ | চেয়ারম্যান, ১০নং রানীপুকুর ইউনিয়র পরিষদ, বিরল, দিনাজপুর। | সদস্য | |
| ৪ | চেয়ারম্যান, ১২নং রাজারামপুর ইউনিয়র পরিষদ, বিরল, দিনাজপুর। | সদস্য | |
| ৫ | চেয়ারম্যান, ৬নং ভান্ডারা ইউনিয়র পরিষদ, বিরল, দিনাজপুর। | সদস্য | |
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা , বিরল, দিনাজপুর। | সদস্য | |
| ৭ | মহিলা সদস্য সংরক্ষিত ২নং ওয়ার্ড ১নং আজিমপুর ইউপি , বিরল, দিনাজপুর। | সদস্য | |
| ৮ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরল, দিনাজপুর। | সদস্য সচিব | |

# উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভায় কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি: | ইশতিয়াক আহমেদ<br>উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)<br>বিরল, দিনাজপুর। |
| তারিখঃ- | ১৬/০২/২০২৫ ইং |
| সময়ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান: | উপজেলা পরিষদ কনফারেন্স রুম। |

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট-'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভায় কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। কমিটি সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক নং | কমিটির নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি সভা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভায় উপাজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ল্যাবরেটরিতে সেল কাউন্টার মেশিন ও এনালাইজার মেশিন জরুরি ভিত্তিতে প্রয়োজন। মেশিন দুটির আনুমানিক মূল্য প্রায় তিন লক্ষ টাকা, যা না থাকায় হাসপাতালে আগত রোগীরা ডেঙ্গু পরীক্ষা সহ মৌলিক স্বাস্থ্যসেবার বিভিন্ন গুরুত্বপূর্ণ পরীক্ষা থেকে বঞ্চিত হচ্ছেন।<br>এছাড়া, হাসপাতালে প্রতিদিন গড়ে ৪০০ রোগী সেবা গ্রহণ করেন। রোগীদের নিরাপত্তা ও সার্বিক শৃঙ্খলা নিশ্চিত করতে সম্পুর্ণ হাসপাতাল চত্বরকে সিসিটিভির আওতায় আনার প্রয়োজনীয়তা ব্যক্ত করেন।<br>হাসপাতলের রোগী সেবার সার্বিক চিত্র তুলে ধরে তিনি উল্লেখ করেন যে, প্রতিদিন গড়ে ৪০০ রোগী সেবা গ্রহণ করেন। জরুরি বিভাগে সেবা গ্রহকারী রোগীর সংখ্যা ৩৫০ জন এবং বহিবিভাগে সেবা গ্রহনকারী রোগীর সংখ্যা ৫০০ জন। প্রতি মাসে ১৫ থেকে ২০ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়। ২৫০ জন রোগী পোস্ট ন্যাটাল কেয়ার (PNC) সেবা গ্রহণ করেছেন এবং ১৩০ জন ডায়রিয়া রোগীর চিকিৎসা দেয়া হয়েছে। অজ্ঞাত রোগের কোনো প্রাদুর্ভাব নেই। হাসপাতালের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ল্যাবরেটরিতে জরুরী ভিত্তিতে সেল কাউন্টার মেশিন ও এনালাইজার মেশিন স্থাপনা এবং সম্পূর্ণ হাসপাতাল চত্বরকে সিসিটিভি ক্যামেরার আওতায় আনার বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়। | উপাজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরল, দিনাজপুর। |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০২/২৫

(ইশতিয়াক আহমেদ)
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
বিরল, দিনাজপুর।